গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

## উদ্ভাবনী পাইলট উদ্যোগ/ প্রকল্প পরিদর্শন প্রতিবেদন

[স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর আওতাধীন পরিবার পরিকল্পনা অধিধপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রসবপূর্বসেবা-৪ এবং প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধি" শীর্ষক উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্প পরিদর্শন প্রতিবেদন]

### ১. ভূমিকা:

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১-এর আওতায় 'পরিবীক্ষণ' উদ্দেশ্য-এর অন্তর্গত 'মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান' শীর্ষক কার্যক্রম (১৩.৩) অন্তর্ভুক্ত আছে। উক্ত কার্যক্রমের আওতায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "প্রসবপূর্বসেবা-৪ এবং প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধি" শীর্ষক উদ্ভাবনী পাইলট প্রকল্প/উদ্যোগ এ বিভাগের ইনোভেশন টিমের পক্ষ হতে পরিদর্শন করা হয়।

পরিদর্শনকারী কর্মকর্তা:

(১) জনাব নীতিশ চন্দ্র সরকার, অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

(২) জনাব এস, এম, আহসানুল আজিজ, উপসচিব (জনসংখ্যা-১) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

পরিদর্শনের তারিখ: ২৫/০২/২০২১

### ২. উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির সাধারণ তথ্যাদি:

- উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পের নাম: "প্রসবপূর্ব সেবা-৪ এবং প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধি"
- পাইলট উদ্যোগ/প্রকল্প এলাকা: ফাজিলপুর ইউনিয়ন, ফেনী সদর
- উদ্ভাবকের নাম, পদবি ও সংস্থা: জনাব ইফতেখার আহমদ চৌধুরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেনী সদর, ফেনী
- উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটি গ্রহণের প্রেক্ষাপট

  পরিবার পরিকল্পনা বিভাগের জনবল সমস্যার কারণে গর্ভবতী মহিলাদের পর্যাপ্ত কাউন্সেলিং করা সম্ভব না হওয়া, জনঅংশগ্রহণের অভাব, সরকারের অন্যান্য দপ্তর এবং জনপ্রতিনিধিদের কার্যকর অংশগ্রহণ ও সমন্বিত প্রচেষ্টার অভাব-এর ফলে গর্ভবতী মহিলাদের প্রসবপূর্ব সেবা এবং প্রাতিষ্ঠানিক প্রসবসেবার হার অত্যন্ত কম এবং মাতৃমৃত্যু ও নবজাতকের মৃত্যুহার উচ্চ ছিল। Mothers' Club গঠন করে সদস্যদের পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা কার্যক্রমে সম্পৃক্ত করে প্রচলিত সেবা সহজিকরণ, সেবার মান ও পরিমান বৃদ্ধিকরণ, বাল্যবিবাহ রোধ করা এবং মায়ের ক্লাব সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে "প্রসবপূর্বসেবা-৪ এবং প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধি" শীর্ষক উদ্ভাবন প্রকল্প গ্রহণ করা হয়।

- উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির আওতায় উল্লেখ্যযোগ্য কার্যক্রমসমূহ
  - প্রতিটি পরিবার হতে একজন মহিলা সদস্যকে নিয়ে Mothers' Club গঠন এবং এর মাধ্যমে গর্ভবতী মহিলাদের কাউন্সেলিং করাসহ প্রসবপূর্ব ও প্রাতিষ্ঠানিক প্রসবসেবা গ্রহণে উদ্বুদ্ধকরণ;

- Pregnant Women Software-এ গর্ভবতী মহিলাদের রেজিস্ট্রেশন করা;
- ব্যাপক জনসচেতনতা সৃষ্টিতে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে নিয়মিত বৈঠক করা;
- Mothers' Club -এর মাধ্যমে উঠান বৈঠক করা;
- সরকারি সেবাকেন্দ্রের পরিবেশ সেবা বান্ধব করা।

**৩. উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্প কার্যক্রম পরিদর্শনে প্রাপ্ত উল্লেখ্যযোগ্য তথ্যাদি:**

- উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির আওতায় Mothers' Club গঠন করে এর সদস্যদের মাধ্যমে গর্ভবতী মহিলাদের পর্যাপ্ত কাউন্সেলিং করা হচ্ছে;
- ব্যাপক জনসচেতনতা সৃষ্টিতে জনপ্রতিনিধি এবং জনঅংশগ্রহণ নিশ্চিত করে প্রকল্পভুক্ত ফাজিলপুর ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে সভা করা হচ্ছে;
- মায়ের ক্লাব এর সদস্যদের উদ্যোগে ব্যাপক জনসচেতনতা সৃষ্টিতে জনপ্রতিনিধি এবং জনঅংশগ্রহণ নিশ্চিত করে ওয়ার্ড পর্যায়ে সভা এবং উল্লেখযোগ্য সংখ্যক উঠান বৈঠক-এর আয়োজন করা হচ্ছে;
- 'Pregnant Women Software'-এ সকল গর্ভবতী মহিলার রেজিস্ট্রেশন নিশ্চিত করে তাদেরকে প্রসবপূর্বসেবা এবং প্রাতিষ্ঠানিক প্রসবসেবা গ্রহণে উদ্বুদ্ধ করা হচ্ছে;
- প্রসবপূর্বসেবা ও প্রাতিষ্ঠানিক প্রসবসেবার হার বৃদ্ধিকরণে ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে;
- সরকারি সেবাকেন্দ্রের পরিবেশ উন্নত/ সেবাবান্ধব করা হচ্ছে;
- মায়ের ক্লাব এর সদস্যদের যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- উল্লিখিত কার্যক্রমের মাধ্যমে প্রকল্পভুক্ত এলাকায় প্রসবপূর্ব ও প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধি পাচ্ছে;

**৪. পর্যালোচনা:**

- উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির আওতায় মায়ের ক্লাব এর সদস্যদের মাধ্যমে গর্ভবতী মহিলাদের কাউন্সেলিং জোরদার করা সম্ভব হয়েছে। এর ফলে গর্ভবতী মহিলাদের পর্যাপ্ত কাউন্সেলিং করার জন্য প্রয়োজনীয় জনবল সমস্যার ঘাটতি লাঘব হচ্ছে;
- মায়ের ক্লাব এর সদস্যদের পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা কার্যক্রম সম্পৃক্ত করার মাধ্যমে প্রচলিত পরিবার পরিকল্পনা সেবা প্রদান সহজীকরণ হয়েছে, সেবার মান ও পরিমাণ বৃদ্ধি পাচ্ছে, বাল্যবিবাহের সংখ্যা হ্রাস পাচ্ছে;
- উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটি পরিদর্শনের সময় উপস্থাপিত তথ্য উপাত্ত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্পভুক্ত এলাকায় প্রসবপূর্বসেবা ও প্রাতিষ্ঠানিক ডেলিভারী উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছে। প্রজননহার পূর্বের তুলনায় হ্রাস পেয়েছে। Contraceptive Prevalence Rate (CPR) বৃদ্ধি পেয়েছে।

**৫. সুপারিশ:**

(১) উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির সফলতার পরিপ্রেক্ষিতে তা পার্শ্ববতী অন্য কোনো ইউনিয়নে বা অন্য কোনো উপজেলার কোনো ইউনিয়নে রেপ্লিকেশন করা বিবেচনা করা যেতে পারে। এ লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা যেতে পারে।

(২) উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটিকে উদ্ভাবনী প্রদর্শনীর (শোকেসিং) আওতায় অন্তর্ভুক্তির বিবেচনা করা যেতে পারে;

(৩) উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির কার্যক্রমের উপর ডকুমেন্টেশন করা যেতে পারে;

(৪) উদ্ভাবন পাইলট প্রকল্প/উদ্যোগী-এর শিরোনামের ক্ষেত্রে Mothers' Club শব্দ অন্তর্ভুক্ত করে শিরোনাম পুন:নির্ধারণ করা যেতে পারে।

**৬. উপসংহার:**

প্রসবপূর্বসেবা এবং প্রাতিষ্ঠানিক প্রসবসেবা বৃদ্ধি করার ক্ষেত্রে আলোচ্য উদ্ভাবনী পাইলট উদ্যোগ/প্রকল্পটির তাৎপর্যপূর্ণ অবদান রয়েছে। প্রকল্পটির আওতায় 'Mothers' Club' গঠন এবং এর মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা কার্যক্রম একটি 'উদ্ভাবনী ধারনা'। প্রকল্পটির মাধ্যমে গর্ভবতী মহিলাদের পর্যাপ্ত কাউন্সেলিং করার লক্ষ্যে জনবলের ঘাটতি হ্রাস পেয়েছে। এছাড়া প্রসবপূর্বসেবা এবং প্রাতিষ্ঠানিক প্রসবসেবা গ্রহণে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির মাধ্যমে গর্ভবতী মহিলাদেরকে উদ্বুদ্ধ করা সম্ভব হয়েছে। ফলশ্রুতিতে প্রসবপূর্বসেবা ও প্রাতিষ্ঠানিক প্রসবসেবা গ্রহণের হার বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া পরিবার পরিকল্পন সেবা সংক্রান্ত বিভিন্ন সূচকের ক্ষেত্রে উল্লেখ্যযোগ্য অগ্রগতি হয়েছে।

26/02/2021
(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব জনসংখ্যা-১ ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

28/02/2021
(নীতিশ চন্দ্র সরকার)
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)
ও
চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১১৪.০৬.০১৩.২০.৮২

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭ / ২৮ ফেব্রুয়ারি ২০২১

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
২। পরিচালক (এমআইএস) ও ইনোভেশন অফিসার, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) ও চীফ ইনোভেশন অফিসার-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

26/02/2021
(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব
টেলিফোন: ৯৫৪৬০৪৬
ই-মেইল: population1@mefwd.gov.bd